



**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**29 JULY 2024**

**7:35 AM IST**

আসামের ঐতিহাসিক চৰাইদেউ মৈদাম ইউনিস্কোৱ বিশ্ব ঐতিহ্য ক্ষেত্ৰ হিসেবে স্বীকৃতি পাওয়ায় প্ৰধানমন্ত্ৰী নৱেন্দ্ৰ মোদী সন্তোষ প্ৰকাশ কৰেছেন। গতকাল আকাশবানীৰ মন কী বাত অনুষ্ঠানে যোগ দিয়ে প্ৰধানমন্ত্ৰী বলেন যে চৰাইদেউ মৈদাম ভাৱতেৰ ৪৩ তম বিশ্ব ঐতিহ্য ক্ষেত্ৰ ও উত্তৰ-পূৰ্বাঞ্চলৰ প্ৰথম সাংস্কৃতিক বিশ্ব ঐতিহ্য ক্ষেত্ৰ হিসেবে চিহ্নিত হয়েছে। এই মৈদামগুলিৰ গুৱৰত্ব সম্পর্কে ব্যাখ্যা কৰে শ্ৰী মোদী বলেন যে আহোম সাম্ৰাজ্যৰ প্ৰথম রাজধানী চৰাইদেউ আহোম রাজবংশেৰ গণ্য মান্য ব্যক্তিদেৱ সমাধি ও মূল্যবান সম্পত্তিগুলিৰ সংৰক্ষণ ক্ষেত্ৰ হিসেবে চিহ্নিত রয়েছে। প্ৰধানমন্ত্ৰী বলেন যে আহোম শাসকদেৱ প্ৰশাসনীয় নীতি ও গণসম্পর্ক এতোটাই শক্তিশালী ছিল যে সুদীৰ্ঘ দিনেৱ জন্য শাসনতন্ত্ৰকে শক্তিশালী কৰে রেখেছিল। শ্ৰী মোদী মহান বীৰ যোদ্ধা লাচিত বৰফুকনেৱ মৈদামে শ্ৰদ্ধাঙ্গলী জ্ঞাপন কৰে শান্তি অনুভব কৰেছিলেন বলে উল্লেখ কৰেন। চৰাইদেউ মৈদামকে আসাম ভৰণেৱ অন্যতম আকৰ্ষণ হিসেবে অৰ্তভূক্ত কৰতে প্ৰধানমন্ত্ৰী পৰ্যটকদেৱ প্ৰতি আহ্বান জানান।

দেশেৱ হঁস্তাত ও বন্ধুশিল্পেৱ বিষয়ে বিশেষভাৱে উল্লেখ কৰে প্ৰধানমন্ত্ৰী আগামী ৭ই আগষ্ট হঁস্তাত দিবস পালন কৰা হবে বলে জানিয়েছেন। শ্ৰী মোদী জনসাধাৰণকে খাদী ও স্থানীয় হঁস্তাত সামগ্ৰী ব্যবহাৰ কৰতে আহ্বান জানান।

প্ৰধানমন্ত্ৰী মাদকদুব্যেৱ দ্বাৰা সৃষ্টি কৰা ভয়াবহ প্ৰত্যাহানেৱ বিষয়ে আলোচনা কৰে ড্রাগসেৱ বিৱৰণে লড়াই কৰাৰ জন্য সৱকাৱেৱ গ্ৰহণ কৰা মানস শৰ্ষক বিশেষ কাৰ্যসূচীৰ বিষয়ে উল্লেখ কৰেন। এটিৱ তেল্পলাইন ও পোটেল সম্প্ৰতি খোলা হয়েছে। এছাড়া টোল ফ্ৰি নম্বৰ ১৯৩৩ -ও ব্যবহাৰ কৰা যাবে। শ্ৰী মোদী জানান যে পুনৰ্বাসনেৱ বিষয়ে কোনো উপদেশ বা তথ্য চেয়ে যেকোনো লোক এই টোল ফ্ৰি নম্বৰে ফোন কৰতে পাৱেন।

আজ সমগ্ৰ বিশ্বে আৰ্তজাতিক ব্যাপ্তি দিবস পালন কৰা হচ্ছে। এ সম্পর্কে প্ৰধানমন্ত্ৰী নৱেন্দ্ৰ মোদী বলেন যে বাঘ ভাৱতীয় সংস্কৃতিৰ অপৰিহাৰ্য অংশ হিসেবে বিবেচিত হয়ে আসছে। প্ৰধানমন্ত্ৰী বাঘ ও মানুষেৱ মধ্যে সংঘাত দূৰীকৰণেৱ ক্ষেত্ৰে রাজস্থানেৱ কুলহাৰী বেন্দু পঞ্চায়তেৱ গ্ৰহণ কৰা ব্যবস্থাবলীৰ কথা উল্লেখ কৰেন।

---

রাজ্যসরকার ২০২১ সালের আগস্ট থেকে ২০২৩ সালের আগস্ট মাস পর্যন্ত eshram.gov.in পোর্টেলে পঞ্জীয়নভুক্ত রাজ্যের পরিযায়ী শ্রমিকদের বিশেষ সুবিধা প্রদান করেছে। পরিযায়ী শ্রমিকদের নতুন রেশন কার্ড অথবা রেশন কার্ডে নাম অর্তভুক্ত করার জন্য নির্দিষ্ট আবেদনপত্র সম্পূর্ণ তথ্যসহ পূরণ করে জমা দিতে হবে। এক্ষেত্রে আবেদনকারীর বার্ষিক আয় ৪ লক্ষ টাকার কম হতে হবে। আবেদনপত্র জমা দেবার শেষ তারিখ আগামী তেসরা আগস্ট। এই আবেদনপত্রগুলি সংশ্লিষ্ট জেলা মহকুমার খাদ্য, গনবন্টন এবং গ্রাহক পরিক্রমা বিভাগের কার্যালয়ে জমা দিতে হবে।

---

হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে জেলার ৬২টি গ্রাম পঞ্চায়েত কার্য্যালয়ে আগাষ্ট মাস ব্যাপী খাজনা আদায় শিবিরের আয়োজন করা হবে। জেলার তহশিলদার এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে আগামী পয়লা ও দোসরা অগাষ্ট আলগাপুর, রংপুর-আপিন, বড়বন্দ এবং বাহাদুরপুর গ্রাম পঞ্চায়েত কার্য্যালয়ে খাজনা আদায় শিবির অনুষ্ঠিত হবে। অনুরূপভাবে আগামী তেসরা অগাষ্ট পাঁচগ্রাম, ধলাই-মলাই, নিশ্চিতপুর এবং বাঁশডহর-বড়হাইলাকান্দি গ্রাম পঞ্চায়েত কার্য্যালয়ে খাজনা আদায় শিবির অনুষ্ঠিত হবে।

---

সমগ্র রাজ্যের সঙ্গে হাইলাকান্দি জেলার ৬২টি গ্রাম পঞ্চায়েতেও জাতীয় নাগরিক পঞ্জীতে নাম থাকা ব্যক্তিদের বায়োমেট্রিক করে আধার কার্ড প্রস্তুতিরনের কাজ শুরু হয়েছে। জাতীয় নাগরিক পঞ্জীর সময় সৃষ্টি হওয়া এই সমস্যা সমাধ্যনের জন্য আসাম সরকার ইতিমধ্যে এক নতুন প্রক্রিয়া শুরু করেছে। উল্লেখ্য রাজ্যের প্রায় ৯ লক্ষ ব্যক্তির আধার কার্ডের বায়োমেট্রিক বন্ধ থাকার ফলে বিভিন্ন সমস্যা দেখা দিয়েছিল।

---

কাছাড়ের স্বাস্থ্য বিভাগের যুগ্ম-সঞ্চালক এক বিজ্ঞপ্তিতে জেলার গর্ভবতী মহিলাদের আলট্রা সোনোগ্রাফি পরিষেবা প্রদানের জন্য চুক্তির ভিত্তিতে শিলচর, ধলাই, লক্ষ্মীপুর ও কাটিগড়া স্বাস্থ্য কেন্দ্রের দুই কিলোমিটার ব্যাসার্ধের মধ্যে থাকা ডায়াগনস্টিক সেন্টার থেকে দরপত্র আহ্বান করেছেন। দরপত্র জমা দেওয়ার জন্য প্রয়োজনীয় নির্দেশিকা ও নথি শিলচরের যুগ্ম স্বাস্থ্য সঞ্চালকের কার্য্যালয়ে পাওয়া যাচ্ছে। আগামী ৬ই আগস্টের মধ্যে এই দরপত্র জমা করতে বলা হয়েছে। বিশদ বিবরণ জেলা যুগ্ম স্বাস্থ্য সঞ্চালকের কার্য্যালয়ে পাওয়া যাচ্ছে।

---

বরাক ভ্যালি অনার এসোসিয়েশনের এক সভা গতকাল শিলচর ঘনিয়ালায় এসোসিয়েশনের অস্থায়ী কার্যালয়ে অনুষ্ঠিত হয়েছে। সংস্থার সভাপতি মনোতোষ ধরের পৌরোহিত্যে আয়োজিত সভার সপদ্য প্রয়াত প্রবীন সাংবাদিক তাজ উদ্দিন বড়ভুইয়ার স্মরণে একটি শোক সভার আয়োজন অনুষ্ঠিত হয়। পরে বিভিন্ন সমাজ সেবা মূলক কাজের সঙ্গে যুক্ত থাকার জন্য সত্য নারায়ন সারদা, মারুফ বরভুইয়া, স্বপণীল ভট্টাচারজকে সংবর্ধনা জানানো হয়।

---

লায়ন্স ক্লাব শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং লায়ন্স ক্লাব অফ বদরপুর গ্রেটারের সহযোগীতায় আগামী ৩০শে জুলাই কাতিরাইল মুদুরপার দ্বিতীয় খন্ড গ্রামের মুদুরপার কালীবাড়ীতে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে। শিবিরটি সকাল ১০টায় শুরু হবে।

---

---

সি পি আই এম দলের ইন্দ্রগর শাখা সদস্য ও কৃষক নেতা দেবেন্দ্র গাটোয়ারের স্মরনে গতকাল মধুরা-ইন্দ্রগড়ে একটি স্মরন সভা অনুষ্ঠিত হয়েছে। সি পি আই এন উধারবন্দ আঞ্চলিক কমিটির সম্পাদক শংকর ব্রত দে-র পৌরহিত্যে আয়োজিত শোকসভায় সারা ভারত কৃষক সভার কাছাড় জেলা সম্পাদক সুভাষ দেব, সদস্য বনমালী দাস প্রমুখ প্রয়াত গাটোয়ারের জীবনের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন। উল্লেখ্য দেবেন্দ্র গাটোয়ার গত ৩০ শে জুন শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৯৩।

---

---